

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ইনোভেশন সম্পর্কিত বাৎসরিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের
অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভার তারিখঃ ৮ই মার্চ ২০১৬ খ্রিঃ

সময়ঃ সকাল ১০:০০ ঘটিকা

স্থানঃ উপসচিব (মৎস্য-১) এর কার্যালয়


সভাপতিঃ জনাব মোঃ সফিকুল ইসলাম, উপসচিব (মৎস্য-১) ও চীফ ইনোভেশন অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উদ্ভাবন বিষয়ক বাৎসরিক কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করে বলেন যে, মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রতিমাসে বাৎসরিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা প্রয়োজন। এ পর্যায়ে ড. শেখ হারুনুর রশিদ আহমদ, উপসচিব (বাজেট-১) বলেন যে, মন্ত্রণালয়ের অধীন সংস্থাসমূহের উদ্ভাবন বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি ও পর্যালোচনা করার নিমিত্ত সভা আয়োজন করা দরকার। সভায় বাৎসরিক কর্মপরিকল্পনায় গৃহীত প্রতিটি কাজের আশু করণীয় বিষয়ে আলোচনা হয়। এছাড়া মন্ত্রণালয়ের দুটি সেবা সহজীকরণের নিমিত্তে সেবা দুটি চিহ্নিতকরণ, ইনোভেশন বক্স স্থাপন, উদ্ভাবন বিষয়ক কাজের অগ্রগতির একটি প্রতিবেদন প্রস্তুতকরণ ও দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিমের সদস্যদের সমন্বয়ে বাৎসরিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার বিষয়ে সভায় বিষদ আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত:

১. মন্ত্রণালয়ের সেবা গ্রহীতার সংখ্যা বিবেচনা করে নিম্নের দুটি সেবা সহজীকরণের জন্য চিহ্নিত করা হয়।
ক) প্রাণিসম্পদ সংশ্লিষ্ট ০১ (এক) দিন বয়সী মুরগীর বাচ্চা আমদানীর অনুমতি প্রদান।
খ) বজ্রোপসাগরে মৎস্য আহরণের জন্য জাহাজ এবং ট্রলারের রেজিস্ট্রেশন ও লাইসেন্স এবং মালিকানা পরিবর্তনের অনুমতি প্রদান।
২. উক্ত চিহ্নিত সেবা দুটি সচিব মহোদয় কর্তৃক অনুমোদন গ্রহণের সুপারিশ করা হয়।
৩. চিহ্নিত সেবা দুটি সহজীকরণের জন্য প্রয়োজনে সংশ্লিষ্ট দপ্তরসমূহ সরেজমিনে পরিদর্শন করা হবে।
৪. মন্ত্রণালয়ে ইনোভেশন বক্স স্থাপন করার জন্য উপসচিব (প্রশাসন-২)-কে অনুরোধ করা হবে।
৫. ইনোভেশন সংক্রান্ত কাজের অগ্রগতির একটি প্রতিবেদন প্রস্তুত করা হবে।
৬. দপ্তরসমূহের ইনোভেশন টিমের সদস্যদের সমন্বয়ে বাৎসরিক কর্ম পরিকল্পনার অগ্রগতি পর্যালোচনার জন্য মার্চ/২০১৬ মাসের মধ্যে একটি সভা আয়োজন করা হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।


০৮/০৬/২০১৬
(মোঃ সফিকুল ইসলাম)
উপ-সচিব (মৎস্য-১)
ও
চীফ ইনোভেশন কর্মকর্তা